গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২৫২/২০১৮-২০১৯
ঢাকা, ২৫ জুন মঙ্গলবার ২০১৯, ১১ আষাঢ় ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মাতৃভাষা সংরক্ষণে পদক দেবে বাংলাদেশ : মন্ত্রিসভা কমিটিতে নীতিমালার খসড়া অনুমোদন
২। বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেলের স্বীকৃতি পাচ্ছে :
আওয়ামী লীগের ৭০তম প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনাসভায় প্রধানমন্ত্রী
৩। মুক্তিপ্রাপ্ত, সাজাপ্রাপ্ত ও আটক জঙ্গিরা নিবিড় নজরদারিতে : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী
৪। যোগ্য প্রতিষ্ঠান এমপিওভুক্ত হবে : সংসদে শিক্ষামন্ত্রী
৫। রোহিঙ্গা সংকট নিরসনে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টির চেষ্টা চলছে : সংসদে পররাষ্ট্রমন্ত্রী
৬। বাজেটের ১৪.২১ শতাংশ সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য বরাদ্দ : সংসদে পরিকল্পনামন্ত্রী
৭। কুলাউড়ায় ট্রেন দুর্ঘটনায় আহতদের সুচিকিৎসা নিশ্চিত করতে প্রধানমন্ত্রীর নির্দেশ
৮। উপবন এক্সপ্রেস ট্রেন দুর্ঘটনায় দু'টি তদন্ত কমিটি গঠন
আগামী ২৪ ঘন্টার মধ্যে ঢাকা ও সিলেটের মধ্যে রেল ও সড়ক যোগাযোগ স্বাভাবিক হবে : রেলমন্ত্রী
৯। আগামী ২ জুলাইয়ের মধ্যে মেয়াদোত্তীর্ণ ওষুধ ধ্বংস করতে হবে : স্বাস্থ্যমন্ত্রী
১০। শিক্ষার পদ্ধতিগত পরিবর্তন করা হবে : শিক্ষামন্ত্রী
১১। প্রাথমিক বিদ্যালয়ে সংস্কৃতি ও শরীরচর্চা শিক্ষক নিয়োগ দেয়া হবে : গণশিক্ষা প্রতিমন্ত্রী
১২। আফগানিস্তানের বিপক্ষে বাংলাদেশের ৬২ রানের জয় : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন
১৩। গত বছর বাংলাদেশে বিদেশি বিনিয়োগ বেড়েছে ৬৮ শতাংশ : আঙ্কটাডের প্রতিবেদন
১৪। ফরিদপুরে মাদক ও জঙ্গি বিরোধী সমাবেশে আইজিপি

চলমান পাতা-২

১। **মাতৃভাষা সংরক্ষণে পদক দেবে বাংলাদেশ : মন্ত্রিসভা কমিটিতে নীতিমালার খসড়া অনুমোদন**

মাতৃভাষা সংরক্ষণ-বিকাশে বিশেষ অবদানের জন্য আন্তর্জাতিক পদক দেবে বাংলাদেশ। এজন্য ‘আন্তর্জাতিক মাতৃভাষা পদক নীতিমালা, ২০১৯’-এর খসড়া অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। পাশাপাশি ‘বাংলাদেশে ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান আইন, ২০১৯’-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল (২৪ জুন সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৬)।

২। **বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেলের স্বীকৃতি পাচ্ছে :**
**আওয়ামী লীগের ৭০তম প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনাসভায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আওয়ামী লীগ জন্মলগ্ন থেকেই দেশ ও জনগণের কল্যাণে কাজ করছে। এ কারণে আওয়ামী লীগের ওপর বার বার আঘাত এসেছে। কিন্তু বাংলাদেশের প্রতিটি অর্জনের ইতিহাসে আওয়ামী লীগের নাম এখনও সমুজ্জল। আওয়ামী লীগের শিকড় এতই গভীরে প্রথিত যে, শত ষড়যন্ত্র করেও কেউ উপড়ে ফেলতে পারেনি, বরং আওয়ামী লীগের ওপর যতবার আঘাত এসেছে, ভাঙ্গার চেষ্টা করা হয়েছে-আওয়ামী লীগ ততই শক্তিশালী হয়েছে। গত ৭০ বছরের ইতিহাসে উপমহাদেশের অন্যতম প্রাচীন ও সুসংগঠিত রাজনৈতিক দলের নামই হচ্ছে বাংলাদেশ আওয়ামী লীগ। বঙ্গবন্ধুর আদর্শ বুকে ধারণ করে জনকল্যাণে আত্মনিয়োগ করার জন্য দলের নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান তিনি। গতকাল (২৪ জুন সোমবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে দেশের প্রাচীন ঐতিহ্যবাহী রাজনৈতিক সংগঠন বাংলাদেশ আওয়ামী লীগের ৭০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনাসভায় সভাপতির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী আরো বলেন, গত ১০ বছরে বাংলাদেশের চিত্র পাল্টে গেছে। সারাবিশ্বে বাংলাদেশ এখন সম্মান পাচ্ছে, উন্নয়নের রোলমডেল হিসেবে স্বীকৃতি পাচ্ছে। ৪১ ভাগ থেকে দারিদ্র্যের হার আমরা ২১ ভাগে নামিয়ে এনেছি। অনেক উন্নত দেশেও এখন দারিদ্র্যের হার ১৭/১৮ ভাগের মতো রয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৭)।

৩। **মুক্তিপ্রাপ্ত, সাজাপ্রাপ্ত ও আটক জঙ্গিরা নিবিড় নজরদারিতে : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, জঙ্গি নির্মূলে সরকারের জিরো টলারেন্স নীতির আলোকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কাজ করছে। জঙ্গি হামলা প্রতিরোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণের পাশাপাশি জামিনে মুক্তিপ্রাপ্ত, সাজাপ্রাপ্ত ও আটক জঙ্গিদের নিবিড় নজরদারির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গতকাল (২৪ জুন সোমবার) সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা জানান। সূত্র : **ইত্তেফাক (পৃ.২,ক.২), সমকাল** (পৃ.৫,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.১)।

৪। **যোগ্য প্রতিষ্ঠান এমপিওভুক্ত হবে : সংসদে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির জন্য যে চারটি ক্রাইটেরিয়া ধরে অনলাইনে আবেদন আহ্বান করা হয়েছিল, সেগুলোর ভিত্তিতে এমপিওর জন্য যোগ্য বিবেচনা করা হয়েছে। যোগ্য সব প্রতিষ্ঠানকে এমপিওভুক্তির সিদ্ধান্ত নিয়েছে সরকার। কাউকে বঞ্চিত করা সরকারের লক্ষ্য নয়। গতকাল (২৪ জুন সোমবার) সংসদে ২০১৯-২০ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর আলোচনায় তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক (পৃ.২,ক.৭), জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪)।

৫। **রোহিঙ্গা সংকট নিরসনে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টির চেষ্টা চলছে : সংসদে পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন সংসদকে জানিয়েছেন, যে কোনো প্রত্যাবাসন প্রক্রিয়াই জটিল ও দীর্ঘমেয়াদি। নিরাপত্তাহীনতার কারণেই রোহিঙ্গারা মিয়ানমারে ফিরে যেতে আগ্রহ দেখাচ্ছে না। এ কারণে যাবতীয় প্রস্তুতি থাকার পরেও ২০১৮ সালের ১৫ নভেম্বর প্রত্যাবর্তন প্রক্রিয়া শুরু করা সম্ভব হয়নি। রোহিঙ্গা সংকট নিরসনে বাংলাদেশ দ্বিপাক্ষিক কূটনীতি পরিচালনার পাশাপাশি মিয়ানমারের ওপর চাপ সৃষ্টি করতে সব ধরনের আন্তর্জাতিক ও আঞ্চলিক ফোরামে জোর কূটনৈতিক প্রচেষ্টা চালিয়ে আসছে। গতকাল (২৪ জুন সোমবার) সংসদে উপস্থাপিত প্রশ্নোত্তরে মন্ত্রী এসব কথা জানান। সূত্র : **ইত্তেফাক (পৃ.২,ক.১), বণিক বার্তা** (পৃ.২,ক.৩), **অবজারভার** (শেষ পৃ.ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

৬। **বাজেটের ১৪.২১ শতাংশ সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য বরাদ্দ : সংসদে পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, আগামী ২০১৯-২০ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ১৪ দশমিক ২১ শতাংশ সমাজে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য বরাদ্দ রাখা হয়েছে, যা জিডিপির ২ দশমিক ৫৮ শতাংশ। গতকাল (২৪ জুন সোমবার) একাদশ জাতীয় সংসদের বাজেট অধিবেশনে এক প্রশ্নের জাবাবে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ,ক.৮)।

৭। **কুলাউড়ায় ট্রেন দুর্ঘটনায় আহতদের সুচিকিৎসা নিশ্চিত করতে প্রধানমন্ত্রীর নির্দেশ**

আজকের (২৫ জুন মঙ্গলবার) মধ্যে ঢাকা-সিলেট ট্রেন যোগাযোগ স্বাভাবিক হবে এমন আশাবাদ ব্যক্ত করে পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন বলেছেন, সিলেটের কুলাউড়া উপজেলার বরমচাল এলাকায় উপবন এক্সপ্রেস দুর্ঘটনায় প্রধানমন্ত্রী উদ্বিগ্ন। প্রধানমন্ত্রী সকলকে নির্দেশ দিয়েছেন আহতদের খোঁজ-খবর রাখতে, তাদের সুচিকিৎসা নিশ্চিত করতে। গতকাল (২৪ জুন সোমবার) জাতীয় সংসদ ভবনের সাংবাদিক লাউঞ্জে গণমাধ্যমকর্মীদের ব্রিফিংকালে পররাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.২,ক.১)।

৮। **উপবন এক্সপ্রেস ট্রেন দুর্ঘটনায় দু'টি তদন্ত কমিটি গঠন**

**আগামী ২৪ ঘন্টার মধ্যে ঢাকা ও সিলেটের মধ্যে রেল ও সড়ক যোগাযোগ স্বাভাবিক হবে : রেলমন্ত্রী**

উপবন এক্সপ্রেস ট্রেন দুর্ঘটনায় দু'টি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। আগামী ৩ দিনের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দেয়ার নির্দেশ দেয়া হয়েছে। দুর্ঘটনায় নিহত যাত্রীদের পরিবারকে আর্থিক সহায়তার ঘোষণা দিয়েছে রেল মন্ত্রণালয়। গতকাল (২৪ জুন সোমবার) এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। ঢাকা-সিলেট মহাসড়কে অব্যবস্থাপনার কারণে রেলের ওপর অতিরিক্ত চাপ পড়ায় মৌলভীবাজারের কুলাউড়ায় উপবন এক্সপ্রেস ট্রেন দুর্ঘটনার শিকার হয়েছে বলে মন্ত্রিসভাকে জানিয়েছেন রেলমন্ত্রী নুরুল ইসলাম সুজন। গতকাল (২৪ জুন সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে রেলমন্ত্রী এ তথ্য জানান। রেলমন্ত্রী আরো জানান, আগামী ২৪ ঘন্টার মধ্যে ঢাকা ও সিলেটের মধ্যে রেল ও সড়ক যোগাযোগ স্বাভাবিক হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

৯। **আগামী ২ জুলাইয়ের মধ্যে মেয়াদোত্তীর্ণ ওষুধ ধ্বংস করতে হবে : স্বাস্থ্যমন্ত্রী**

আগামী ২ জুলাইয়ের মধ্যে মেয়াদোত্তীর্ণ ওষুধ ধ্বংস করতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। গতকাল (২৪ জুন সোমবার) সচিবালয়ে এক সংবাদসম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী বলেন, আগামী ২ জুলাইয়ের মধ্যে মেয়াদোত্তীর্ণ ওষুধ ধ্বংস করে প্রতিবেদন না দিলে ওষুধ কোম্পানি ও সংশ্লিষ্টদের কোনো ছাড় দেওয়া হবে না। তিনি আরো বলেন, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঔষধ শিল্প সমিতি ও কেমিস্টস অ্যান্ড ড্রাগিস্টস সমিতির নেতৃবৃন্দের সঙ্গে সভা হয়েছে। ওষুধ কোম্পানিগুলোকে বলা হয়েছে, যত দ্রুত সম্ভব মেয়াদোত্তীর্ণ ওষুধ নিয়ে যেতে হবে। আগামী ২ জুলাইয়ের মধ্যে মেয়াদোত্তীর্ণ ওষুধ ধ্বংস করতে হবে। কোনো ফার্মেসিতে যেন মেয়াদোত্তীর্ণ ওষুধ না থাকে, সে দায়িত্ব ওষুধ কোম্পানিগুলোর নিতে হবে। আমরা মেয়াদোত্তীর্ণ ওষুধ ফার্মেসিতে থাকুক সেটি চাই না। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৩), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

১০। **শিক্ষার পদ্ধতিগত পরিবর্তন করা হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, শিক্ষার মান এবং শিক্ষাব্যবস্থার উন্নয়নে পদ্ধতিগত পরিবর্তন করা হবে। পদ্ধতি চিরস্থায়ী কোনো বিষয় নয়। শিক্ষার মান উন্নয়নে পদ্ধতিগত পরিবর্তন দরকার। যে পদ্ধতিতে সেবা প্রদান সহজ হবে, সে পদ্ধতি প্রবর্তন করতে হবে। শিক্ষামন্ত্রী গতকাল (২৪ জুন সোমবার) রাজধানীর আবদুল গণি রোডে শিক্ষাভবনের সম্মেলনকক্ষে শিক্ষা সেবা সপ্তাহ ২০১৯ এর উদ্বোধনের সময় প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.১)।

**১১। প্রাথমিক বিদ্যালয়ে সংস্কৃতি ও শরীরচর্চা শিক্ষক নিয়োগ দেয়া হবে : গণশিক্ষা প্রতিমন্ত্রী**

ঢেলে সাজানো হচ্ছে প্রাথমিক পর্যায়ের শিক্ষাকে। এজন্য নানা ধরনের পরিবর্তন আনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পড়ালেখার পাশাপাশি খেলাধুলা ও সঙ্গীতের ওপর শিশু শিক্ষার্থীদের পারদর্শী করতে সংস্কৃতি ও শরীরচর্চা বিষয়ে দ্রুত শিক্ষক নিয়োগ দেওয়া হবে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন। গতকাল (২৪ জুন সোমবার) রাজধানীর মিরপুরে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে (ডিপিই) আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০১৯ ও আন্তঃপিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০১৮-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৪)।

**১২। আফগানিস্তানের বিপক্ষে বাংলাদেশের ৬২ রানের জয় : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন**

গতকাল (২৪ জুন সোমবার) ইংল্যান্ডের সাউদাম্পটনে বিশ্বকাপ ক্রিকেটে টসে হেরে ব্যাটিং করতে নামে বাংলাদেশ। মুশফিক ও সাকিবের হাফ সেঞ্চুরিতে ৭ উইকেটে ২৬২ রান করে তারা। জবাবে ৪৭ ওভারে ২০০ রানে অলআউট হয় আফগানিস্তান। আফগানস্তানকে ৬২ রানের বিশাল ব্যবধানে পরাজিত করে বাংলাদেশ। এ জয়ে সেমিফাইনালে খেলার সম্ভবনা আরেকটু উজ্জ্বল হলো বাংলাদেশের। সাত ম্যাচে ৭ পয়েন্ট নিয়ে বাংলাদেশ এখন উঠে গেছে পঞ্চম স্থানে। তাদের চেয়ে এক ম্যাচ কম খেলা ইংল্যান্ড ৮ পয়েন্ট নিয়ে আছে চতুর্থ স্থানে। বিশ্বকাপে আফগানিস্তানকে হারিয়ে সেমিফাইনালের পথে এগিয়ে যাওয়ায় বাংলাদেশ দলকে অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল পৃথক বার্তায় তাঁরা বাংলাদেশের খেলোয়াড়দের আত্মবিশ্বাস ধরে রেখে জয়ের ধারা অব্যাহত রাখার আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

**১৩। গত বছর বাংলাদেশে বিদেশি বিনিয়োগ বেড়েছে ৬৮ শতাংশ : আঙ্কটাডের প্রতিবেদন**

গত ২০১৮ সালে বাংলাদেশে বিদেশি বিনিয়োগ এসেছে ৩৬১ কোটি মার্কিন ডলারের সমপরিমাণ, যা ২০১৭ সালের চেয়ে ৬৭ দশমিক ৯৪ শতাংশ বেশি। সম্প্রতি আঙ্কটাড (ইউনাইটেড ন্যাশন্স কনফারেন্স অন ট্রেড এন্ড ডেভেলপমেন্ট) প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। এতে বলা হয়, গত বছর বিশ্বব্যাপী বিনিয়োগে মন্দাভাব পরিলক্ষিত হয়েছে। পূর্বের বছরের চেয়ে গত বছর বিশ্বব্যাপী বিদেশি বিনিয়োগ কমেছে ১ দশমিক ৩ ট্রিলিয়ন ডলার বা প্রায় ১৩ শতাংশ। অথচ একই সময়ে বাংলাদেশে বিনিয়োগ বেড়েছে। গতকাল (২৪ জুন সোমবার) রাজধানীর একটি হোটেলে ঐ প্রতিবেদন আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেছে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.ক.৭)।

**১৪। ফরিদপুরে মাদক ও জঙ্গি বিরোধী সমাবেশে আইজিপি**

আইজিপি ড. জাভেদ পাটোয়ারী বলেছেন, জঙ্গি দমনে সারা বিশ্বের কাছে বাংলাদেশ আজ রোল মডেলে পরিণত হয়েছে। জঙ্গি সমস্যা শুধু বাংলাদেশের না, বৈশ্বিক একটি সমস্যা। আমরা হয়তো জঙ্গি নির্মূল করতে পারিনি। কিন্তু দমন করে ফেলেছি। তিনি আরো বলেন, মাদক নির্মূল শুধু পুলিশি অভিযানে করা সম্ভব না। তাই মাদক নির্মূলে আমরা বেশকিছু কৌশল নিয়ে কাজ করছি। তার মধ্যে অন্যতম বিভিন্ন শ্রেণি পেশার মানুষকে সম্পৃক্ত করা। গতকাল (২৪ জুন সোমবার) ফরিদপুর জেলা পুলিশ লাইনে জেলা পুলিশ ও কমিউনিটি পুলিশিং আয়োজিত মাদক ও জঙ্গি বিরোধী সমাবেশ ও চারতলা নারী পুলিশ ব্যারাকসহ বেশ কয়েকটি স্থাপনার উদ্বোধন শেষে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.৭,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** রাইড শেয়ারিংয়ের মোটরসাইকেলে যাত্রী হয়রানি বাড়ছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **সমকাল, যুগান্তর, বণিক বার্তা, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন :** মৌলভীবাজারের কুলাউড়ায় সিলেট থেকে ঢাকাগামী উপবন এক্সপ্রেস দুর্ঘটনায় অন্তত চারজনের মৃত্যু ও শতাধিক আহত হওয়ায় শোক প্রকাশ করে এ ধরনের দুর্ঘটনার পুনরাবৃত্তিরোধে ঝুঁকিপূর্ণ রেলপথগুলো দ্রুত সংস্কারের ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ :** দেশের প্রায় ৩৮ শতাংশের বেশি ভারি যানবাহন চালায় বৈধ লাইসেন্সবিহীন ভুয়া চালক উল্লেখ করে সড়ক দুর্ঘটারোধে এসব চালকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঘ. **জনকণ্ঠ :** রাজধানীর বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগীর সংখ্যা বাড়ছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতার আহ্বান।

ঙ. **ইনকিলাব :** যাতায়াত ব্যবস্থা, পণ্যপরিবহণ এবং ব্যবসা-বাণিজ্য সহজ ও অর্থনৈতিক অগ্রযাত্রার গতি বৃদ্ধি করতে দেশের নৌপথগুলোকে যথাযথভাবে সচল রাখার ওপর গুরুত্বরোপ।

চ. **নিউজ টুডে :** শিশুর যথাযথ বিকাশের জন্য শহরগুলোতে খেলাধুলার জন্য পর্যাপ্ত মাঠের ব্যবস্থা রাখার পরামর্শ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, কৃষি উৎপাদন বৃদ্ধি করেই দেশের গ্রামাঞ্চলকে শহরের সুবিধায় অগ্রগামী করা সম্ভব।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'নকল ও ভেজাল ওষুধ'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, নকল ওষুধ উৎপাদন ও বিপণনে শহর থেকে তৃণমূলে যে সিন্ডিকেট গড়ে উঠেছে, তা সমূলে উৎপাটন করতে হবে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা